# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৬৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীসের মাধ্যমে অনভিজ্ঞ ব্যক্তি আমাদের উল্লেখিত জায়গায় রফ‘উল ইয়াদাইন না করার মর্মে দলীল গ্রহণ করে

## ذِكْرُ خَبَرٍ احْتَجَّ بِهِ مَنْ لَمْ يُحْكِمْ صناعة الحديث ونفى رفع اليدين إلى الصَّلَاةِ فِي الْمَوَاضِعِ الَّتِي وَصَفْنَاهَا

---

আরবী

1866 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ مُصْعَبٍ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَمْرٍو الْغَزِّيُّ حَدَّثَنَا يَحْيَى بْنُ بُكَيْرٍ حَدَّثَنِي اللَّيْثُ عَنْ يَزِيدَ بْنِ مُحَمَّدٍ الْقُرَشِيِّ وَعَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيبٍ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ حَلْحَلَةَ عَنْ مُحَمَّدِ بْنِ عَمْرِو بْنِ عَطَاءٍ: أَنَّهُ كَانَ جَالِسًا مَعَ نَفَرٍ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَبُو حُمَيْدٍ السَّاعِدِيُّ: (أَنَا أَحْفَظُكُمْ لِصَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأَيْتُهُ إِذَا كَبَّرَ جعل يديه حذو منكبيهن وَإِذَا رَكَعَ أَمْكَنَ يَدَيْهِ مِنْ رُكْبَتَيْهِ ثُمَّ هَصَرَ ظَهْرَهُ فَإِذَا رَفَعَ رَأْسَهُ اسْتَوَى فَإِذَا سَجَدَ وَضَعَ يَدَيْهِ غَيْرَ مُفْتَرِشٍ وَلَا قَابِضٍ وَاسْتَقْبَلَ بِأَطْرَافِ رِجْلَيْهِ إِلَى الْقِبْلَةِ وَإِذَا جَلَسَ فِي الرَّكْعَةِ الْآخِرَةِ قدَّم رِجْلَهُ الْيُسْرَى وَجَلَسَ على مقعدته)
الراوي : أَبُو حُمَيْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1866 / | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (722)

বাংলা

১৮৬৬. মুহাম্মাদ বিন আমর বিন আতা থেকে বর্ণিত, তিনি একবার একদল সাহাবীদের মাঝে বসে ছিলেন। তখন আবূ হুমাইদ আস সা‘ইদী বলেন, “আমি আপনাদের মাঝে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের বিষয়ে সবচেয়ে বেশি সংরক্ষনকারী” আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে দেখেছি, যখন তিনি সালাতে

দাঁড়াতেন, তখন তিনি তাঁর হাতকে কাঁধ বরাবর করতেন। যখন তিনি রুকূ‘ করতেন, তখন তিনি তাঁর দুই হাত দিয়ে দুই হাঁটু মজবূতভাবে ধারণ করতেন অতঃপর তাঁর পিঠকে বরাবর করতেন। অতঃপর যখন তিনি রুকূ‘ থেকে মাথা উত্তোলন করতেন, তখন সোজা হয়ে দাঁড়াতেন। তারপর যখন তিনি সাজদা করতেন, তখন তিনি দুই হাত মাটিতে রাখতেন; এসময় তিনি হাত বিছিয়ে রাখতেন না আবার হাত মুষ্টিবদ্ধও করতেন এবং তিনি পায়ের আঙ্গুলগুলোকে কিবলামুখী করতেন। যখন তিনি শেষ রাকা‘আতে বসতেন, তখন তিনি বাম পা সামনে বের করে দিতেন এবং নিতম্বের উপর বসতেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪২৪; ইমাম বুখারী, কুররাতুল আইনাইন: ৫; আবূ দাঊদ: ৭৩০, ৯৬৩; তিরমিযী: ৩০৪; নাসাঈ: ৩/৩৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৫৫; সহীহ ইবনু খুযাইমাহ: ৫৮৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৩৫; বাইহাকী: ২/২৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মুহাম্মাদ ইবনু ‘আমর ইবনু ‘আত্বা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91082

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন